গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

জাতীয় যুব দিবস ২০১৯ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি	:	মো: জাহিদ আহসান রাসেল, এম.পি, মাননীয় প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সভার তারিখ ও সময়	:	১২-০৯-২০১৯ খ্রি. বিকাল ১২:৩০ মি:
সভার স্থান	:	মিনিস্টার হোস্টেলের ১নং ভবনের ৪নং কক্ষ
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ	:	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মো: আনোয়ারুল ইসলাম সরকার সভাকে অবহিত করেন যে, ০১ নভেম্বর, ২০১৯ জাতীয় যুব দিবস উদযাপন হতে যাচ্ছে। এ লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর বিভিন্ন বিষয়ে প্রস্তাব প্রেরণ করেছে। তিনি আরো উল্লেখ করেন যে, ইতোমধ্যে জাতীয় যুব দিবস ২০১৯ এর উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য মাননীয় প্রধানমন্ত্রী সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। জাতীয় যুব দিবস ২০১৯ উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পাদনের জন্য আলোচনা এবং গৃহীত সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ:

ক্র: নং	আলোচনার বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	জাতীয় যুব দিবস ২০১৯ এর প্রতিপাদ্য নির্ধারণ: যুব উন্নয়ন অধিদপ্তর জাতীয় যুব দিবস ২০১৯ উপলক্ষ্যে নিম্নোক্ত ০৪টি প্রতিপাদ্য প্রস্তাব করেছে- যা নিম্নরূপ:- ক) 'যুব চলে দৃপ্ত পায়ে, উন্নয়ন চলে দ্রুত লয়ে'। খ) 'যুব হলে আত্মকর্মী, দেশ হবে স্বাবলম্বী'। গ) 'কর্মপ্রাণ যুবশক্তি, উন্নয়নের মূলভিত্তি'। ঘ) 'দক্ষ যুবই গড়ছে দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ'। সচিব মহোদয় প্রতিপাদ্য নির্ধারণের বিষয়ে বঙ্গবন্ধুর নামের সাথে মিল রেখে ০২টি জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলা এবং ইংরেজি প্রতিপাদ্য নির্ধারণের জন্য পরামর্শ দেন।	(ক) জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে প্রতিপাদ্য আহ্বান করে চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	যুব উন্নয়ন অধিদপ্তর
০২	জাতীয় যুব দিবস ২০১৯ উদযাপন উপলক্ষ্যে ব্যবস্থাপনা কমিটি ও উপকমিটি গঠন: সভাকে অবহিত করা হয় যে- যুব উন্নয়ন অধিদপ্তর কমিটি ও উপকমিটি গঠনের প্রস্তাব প্রেরণ করেছে। যথা:- (১) ব্যবস্থাপনা কমিটি (২) সমন্বয় উপকমিটি (৩) অভ্যর্থনা উপকমিটি (৪) আসন বিন্যাস উপকমিটি (৫) উদ্বোধনী অনুষ্ঠান উপকমিটি	(ক) সর্বসম্মতিক্রমে কিছু সংশোধনীসহ মূল ব্যবস্থাপনা কমিটি এবং উপ-কমিটিসমূহ গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়, যা পরিশিষ্ট 'খ' তে সন্নিবেশিত। (খ) অবিলম্বে কমিটি/উপকমিটি সমূহ সভা করে কার্যক্রম গ্রহণ করবে।	আহ্বায়ক স্ব স্ব কমিটি/উপকমিটি

	(৬) অর্থ উপকমিটি (৭) যুব পুরস্কার ব্যবস্থাপনা উপকমিটি (৮) স্মরণিকা, ক্রোড়পত্র, সফল যুবদের সাফল্য কাহিনী, বুশিউর পোস্টার, ব্যাচ স্টিকার উপ-কমিটি (৯) র‍্যালি অনুষ্ঠান উপকমিটি (১০) সাংস্কৃতিক অনুষ্ঠিন উপকমিটি (১১) সাজসজ্জা উপকমিটি (১২) যুবমেলা উদযাপন উপকমিটি (১৩) এসবি পাশ সংগ্রহ উপকমিটি (১৪) আমন্ত্রণ পত্র বিতরণ উপকমিটি (১৫) তথ্য পুস্তিকা, এ্যালবাম ও ডিজিটাল ডকুমেন্টারী উপকমিটি (১৬) মোবাইল ফোন, ব্যাগ ও মূল্যবান সামগ্রী সংরক্ষণ ও ফেরত সংক্রান্ত উপকমিটি যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত কমিটি/উপকমিটি বিষয়ে পর্যালোচনা করা হয়।		
০৩	জাতীয় যুব দিবস ২০১৯ উদযাপন উপলক্ষ্যে প্রকাশনা ও ক্রোড়পত্র প্রকাশ: জাতীয় যুব দিবস ২০১৯ উদযাপন উপলক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর হতে জাতীয় যুব দিবস ২০১৯ সংশ্লিষ্ট প্রকাশনা ও ক্রোড়পত্র প্রতিবছরের ন্যয় এ বছরও প্রকাশ করার বিষয়ে আলোচনা হয়।	জাতীয় যুব দিবস ২০১৯ উদযাপন উপলক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর হতে এ দিবস সংশ্লিষ্ট প্রকাশনা ও ক্রোড়পত্র প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	যুব উন্নয়ন অধিদপ্তর
০৪	বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণকে পত্র প্রেরণ: জাতীয় যুব দিবস ২০১৯ উপলক্ষ্যে যুব র‍্যালি ও যুব সমাবেশ সফলভাবে আয়োজনের জন্য বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসনগণকে অনানুষ্ঠানিক পত্র প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়।	জাতীয় যুব দিবস ২০১৯ উদযাপন উপলক্ষ্যে যুব র‍্যালি ও যুব সমাবেশ সফলভাবে আয়োজনের জন্য বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসনগণকে অনানুষ্ঠানিক পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	যুব অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
০৫	“সফল উদ্যোক্তার গল্প” শিরোনামে ভিডিও প্রস্তুত প্রতিযোগিতার আয়োজন: যুব উন্নয়ন অধিদপ্তর বিভিন্ন ট্রেডে বিপুলসংখ্যক যুব নারী ও যুবকে প্রশিক্ষণ দিয়ে আত্মকর্মী/উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে সহায়তা করে আসছে। এসব সফল আত্মকর্মী/উদ্যোক্তাদের গল্প নিয়ে প্রতিযোগিতার মাধ্যমে ভিডিও প্রস্তুত করার বিষয়ে আলোচনা হয় এবং জাতীয় যুব দিবস ২০১৯ এর প্রচারণাসহ এ প্রতিযোগিতার জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের প্রস্তাব করা হয়।	“সফল উদ্যোক্তার গল্প” শিরোনামে স্ক্রিপ্ট লেখক ও ভিডিও প্রস্তুত প্রতিযোগিতার আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	যুব উন্নয়ন অধিদপ্তর
০৬	জাতীয় যুব দিবস ২০১৯ অনুষ্ঠান সূচি নির্ধারণ: মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতীয় যুব দিবস ২০১৯ এর উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকার সদয় সম্মতি প্রদান করেছেন।	অনুষ্ঠান সূচি প্রণয়ন করে অনুষ্ঠান সূচি ও অন্যান্য বিষয়াদি প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	যুব উন্নয়ন অধিদপ্তর এবং যুব অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

০৭	জাতীয় যুব দিবস ২০১৯ এর দাওয়াত কার্ড প্রস্তুতকরণ: জাতীয় যুব দিবস ২০১৯ এর উদ্বোধনী অনুষ্ঠানের দাওয়াত কার্ড প্রস্তুতকরণ এবং আমন্ত্রিত অতিথিদের পরিপূর্ণ তালিকা প্রণয়ন এর বিষয়ে আলোচনা হয়।	জাতীয় যুব দিবস ২০১৯ এর উদ্বোধনী অনুষ্ঠানের আমন্ত্রিত অতিথিদের তালিকা প্রণয়ন, দাওয়াত কার্ড প্রস্তুতকরণ এবং দাওয়াত কার্ড বিতরণ কার্যক্রমের প্রস্তুতি গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	যুব উন্নয়ন অধিদপ্তর এবং যুব অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
০৮।	জাতীয় যুব দিবস ২০১৯ এর প্রচারণা: জাতীয় যুব দিবস ২০১৯ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শত বার্ষিকীর পূর্ববতী সময়ে উদযাপন হতে যাচ্ছে, বিধায় জন্ম শত বার্ষিকীকে সামনে রেখে বঙ্গবন্ধুর ঐতিহাসিক কর্মকান্ড অন্তর্ভুক্ত রেখে Theme Song পরিবেশনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	শিল্পকলা একাডেমি এবং সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সহযোগিতায় বঙ্গবন্ধুর ঐতিহাসিক কর্মকান্ড সম্বলিত Theme Song প্রস্তুতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	যুব উন্নয়ন অধিদপ্তর

০২। পরিশেষে, সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
১৬-০৯-২০১৯
মো: জাহিদ আহসান রাসেল, এম.পি
মাননীয় প্রতিমন্ত্রী
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.২৩.০৩১.১৯-৩৯৬ তারিখ: ১৬-০৯-২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮ মতিঝিল বা/এ, ঢাকা।
০২। মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা
০৩। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
০৫। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা
০৬। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা
০৭। সচিব, বঙ্গবন্ধুক্রীড়া সেবী কল্যাণ ফাউন্ডেশন, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, ঢাকা।
০৮। যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। উপপ্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
১১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান,যুব ও ক্রীড়া মন্ত্রণালয়,ঢাকা।
১৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৫। প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)

১৬/০৯/১৯

মুহাম্মদ সাঈদ আলী
উপসচিব
ফোন: ৯৫৪০৭৭